



গুপ্ত সংগঠনের সদস্যরা এখন নতুন জুলুমকারীতে রূপ নিয়েছে: তারেক রহমান



বিএনপির চেয়ারম্যান তারেক রহমান। ছবি: সংগৃহীত

গুপ্ত সংগঠনের সদস্যরা এখন নতুন জুলুমকারীতে রূপ নিয়েছে বলে মন্তব্য করেছেন বিএনপি চেয়ারম্যান তারেক রহমান। তিনি বলেন, যে রাজনৈতিক শক্তি নিজেদের নেতার মা-বোনের মর্যাদাও রক্ষা করতে পারে না, তাদের কাছ থেকে জনগণ আত্মসম্মানের রাজনীতি আশা করতে পারে না।

বুধবার (৪ ফেব্রুয়ারি) বরিশালের ঐতিহাসিক বেলস পার্ক মাঠে অনুষ্ঠিত নির্বাচনী জনসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। বরিশাল বিভাগের ২১টি আসনের বিএনপি ও জোট প্রার্থীরা সমাবেশে উপস্থিত ছিলেন। প্রিয় নেতাকে দেখতে ভোর থেকেই বিভাগের বিভিন্ন জেলা-উপজেলা থেকে নেতাকর্মীরা মাঠে জড়ো হন।

নির্বাচনকে সামনে রেখে দেশজুড়ে প্রচারণায় ব্যস্ত সময় পার করছেন তারেক রহমান। জনসভাগুলোতে তিনি দলের ঘোষিত ৩১ দফা তুলে ধরে কর্মসংস্থান, বেকার ভাতা, ফ্যামিলি কার্ড, কৃষক কার্ডসহ নারী ও তরুণদের অগ্রাধিকার দেওয়ার প্রতিশ্রুতি দিচ্ছেন। সমর্থকদের প্রত্যাশা, এসব পরিকল্পনা বাস্তবায়িত হলে দেশের চিত্র বদলে যাবে।

তিনি জানান, সরকার গঠন করতে পারলে চার কোটি পরিবারকে ফ্যামিলি কার্ড দেওয়া হবে এবং সারা দেশে ২০ হাজার কিলোমিটার খাল পুনঃখননের উদ্যোগ নেওয়া হবে। উল্লেখ্য, এর আগে ২০০৫ সালে তৃণমূল সম্মেলনে অংশ নিতে তিনি বরিশাল সফর করেছিলেন।